অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল চাহিদা থাকা চাকরির ক্ষেত্রসমূহের জন্য SUNY মাইক্রোক্রেডেনশিয়াল সম্প্রসারণের ঘোষণা দিলেন

SUNY দ্রুত দক্ষতা বৃদ্ধি, পেশাদারি অগ্রগতি, এবং চাকরির প্রস্তুতির জন্য উচ্চ-চাহিদার ক্ষেত্রে শিক্ষাসহ 400-র বেশি মাইক্রোক্রেডেনশিয়াল, বা কলেজ-পর্যায়ের সনদ বা ডিগ্রির জন্য ক্রেডিট প্রদান করে

গভর্নর হোকলের স্টেট অফ দ্য স্টেট SUNY উদ্যোগের অংশ হলো প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য শিক্ষাগত সুযোগ বৃদ্ধি করা

গভর্নর ক্যাথি হোকল আজকে 31টি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ক্যাম্পাসে 400-র বেশি মাইক্রোক্রেডেনশিয়াল দিয়ে দ্রুত ও সুবিধামতো শেখার সুযোগ সম্প্রসারণের ঘোষণা দিলেন যাতে করে বর্তমান শিক্ষার্থী থেকে শুরু করে কর্মজীবী পেশাদার সকলেই তাদের চাকরিদাতারা যেইসব দক্ষতা, জ্ঞান এবং অভিজ্ঞতা খুঁজছে তা অর্জন করতে পারে। মাইক্রোক্রেডেনশিয়াল নকশা করা হয়েছে যাতে একটি কলেজ ডিগ্রির থেকে কম সময়ে শেষ করা যায়, এবং শেষ করতে কয়েক বছর না লেগে একটি বা দুইটি সেমিস্টার প্রয়োজন হয়, এবং এগুলি একটি কলেজ ট্রান্সক্রিপ্ট বা ডিজিটাল ব্যাজের মাধ্যমে অর্জিত দক্ষতার তাৎক্ষণিক প্রমাণ প্রদান করে।

"দেশের সবথেকে শক্তিশালী সরকারি ইউনিভার্সিটি সিস্টেম SUNY নিউ ইয়র্কবাসীকে দ্রুত-বিবর্তিত ভবিষ্যতের কর্মবাজারের জন্য প্রস্তুত করার ক্ষেত্রে নেতৃত্ব দিয়ে ভালো অবস্থানে রয়েছে," **গভর্নর হোকল বলেন।** "মাইক্রোক্রেডেনশিয়াল কর্মসূচি সকল পেশার নিউ ইয়র্কবাসীকে সেইসকল দক্ষতা এবং জ্ঞান অর্জন করতে দিবে যা তাদের চাকরিদাতারা খুঁজছে, এবং এটি গতানুগতিক কলেজ কোর্সের তুলনায় দ্রুততর এবং সহজতর। উচ্চ শিক্ষার অগ্রগামী-চিন্তার এই পন্থাটি নিউ ইয়র্ককে একটি উচ্চ দক্ষতার গতিশীল কর্মীবাহিনীর চাহিদাসম্পন্ন ব্যবসাসমূহের জন্য গন্তব্য স্টেটে পরিণত করবে।"

60টির বেশি শিক্ষার ক্ষেত্রে মনোযোগী SUNY মাইক্রোক্রেডেনশিয়ালগুলি স্বাস্থ্যসেবা, ব্যবসা, শিক্ষা, পরিচ্ছন্ন শক্তি, তথ্য প্রযুক্তি, অপরাধ ন্যায়বিচার, এবং অগ্রসর উৎপাদনের মতো উচ্চ চাহিদার ক্ষেত্রে জন্য। প্রতিটি মাইক্রোক্রেডেনশিয়াল তাৎক্ষণিক, কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত দক্ষতা প্রদান করে এবং অধিকাংশ (64 শতাংশ) অন্য একটি মাইক্রোক্রেডেনশিয়াল, সনদ, বা প্রারম্ভিক বা অগ্রসর ডিগ্রির জন্য একাডেমিক ক্রেডিট প্রদান করে। SUNY ক্যাম্পাসগুলি ব্যবসা,

P-12, বা সম্প্রদায়ের সংস্থাসমূহের কর্মক্ষেত্রের প্রয়োজন অনুযায়ী মাইক্রোক্রেডেনশিয়াল কাস্টোমাইজ করতে পারবে।

মাইক্রোক্রেডেনশিয়ালগুলি হলো গভর্নরের স্টেট অফ দ্য স্টেটে (State of the State)প্রাপ্তবয়স্ক শিক্ষার সুযোগ বৃদ্ধির ও নিউ ইয়র্কবাসীকে দক্ষতার শূন্যস্থান পূরণে সাহায্য করার আহ্বানের সাথে সামঞ্জস্যপূর্ণ। মার্কিন চেম্বার অফ কমার্স (U.S. Chamber of Commerce) অনুযায়ী, 74 শতাংশ নিয়োগকারী ব্যবস্থাপক এ ব্যাপারে একমত যে বাজারে একটি দক্ষতার শূন্যস্থান দেখা যাচ্ছে, এবং 48 শতাংশ প্রার্থীর শূন্যপদ পূরণে প্রয়োজনীয় দক্ষতার অভাব রয়েছে। পাশাপাশি, 74 শতাংশ হিউমেন রিসোর্স ব্যবস্থাপক বলেন যে নিয়োগের জন্য তারা এখন ক্রেডেনশিয়াল জমাদান আবশ্যক করছেন।

দক্ষতার শূন্যস্থান পূরণের জন্য নতুন ও উদ্ভাবনী শিক্ষামূলক কর্মসূচি প্রদানের পাশাপাশি, গভর্নর শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধকতা অপসারণ করতে কলেজ ও ইউনিভার্সিটি অনুশীলনসমূহের পর্যালোচনাও করতে বলেছেন। তার স্টেট অফ দ্য স্টেটে, তিনি SUNY এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) নেতৃবৃন্দকে আউটস্ট্যান্ডিং ব্যালেন্সসহ শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্ট আটক করার অনুশীলন বন্ধ করতে নির্দেশনা দিয়েছেন, যা তার ভাষণের কয়েক সপ্তাহের মধ্যে কার্যকর করা হয়েছে। ট্রান্সক্রিপ্ট হাতে থাকলে শিক্ষার্থীরা একটি ক্যাম্পাসে ভর্তি হতে পারে, ক্রেডিট স্থানান্তর করতে পারে, তাদের ডিগ্রি সম্পূর্ণ করতে পারে, এবং তাদের অপরিশোধিত ব্যালেন্স পরিশোধ করতে সাহায্য করার জন্য চাকরি জোগাড় করতে পারে।

SUNY-র অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ. স্ট্যানলি বলেন, "চাকরিজীবী এবং চাকরিদাতা উভয়েই মাইক্রোক্রেডেনশিয়াল খুঁজে যাতে স্বাস্থ্যসেবা,তথ্য প্রযুক্তি, এবং অন্য অনেক ক্ষেত্রে এখনকার প্রয়োজনীয় বিশেষায়িত দক্ষতা নিশ্চিত করা যায়। SUNY প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য একাডেমিক মানে প্রথম ও প্রধান মনোযোগ প্রদান করেও দক্ষতার শূন্যস্থান পূরণ করতে উদ্ভাবনী একটি মাইক্রোক্রেডেনশিয়াল পলিসি গ্রহণ করার ব্যাপারে দেশের প্রথম ইউনিভার্সিটিগুলির একটি। আমাদের অনুষদের দক্ষতা দিয়ে এবং সম্প্রদায়, আঞ্চলিক ও স্টেট অংশীদারদের সাথে একত্রে আমাদের কাছে এখন মানসম্পন্ন মাইক্রোক্রেডেনশিয়ালের একটি বড় পোর্টফোলিও রয়েছে, এর ফলে আমরা নিউ ইয়র্কবাসীকে আজকের কর্মক্ষেত্রের জন্য প্রয়োজনীয় দক্ষতা শিখতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের লক্ষ্য অর্জনের কাজ শুরু করতে পারবো।"

নিউ ইয়র্ক স্টেট শ্রম ডিপার্টমেন্টের (New York State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "আমরা আজীবন শিক্ষার যুগে রয়েছি। SUNY মাইক্রোক্রেডেনশিয়াল কর্মসূচির সম্প্রসারণ হলো গভর্নর হোকলের বহুমাত্রিক পন্থায় দারুণ একটি সংযোজন যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কবাসীরা তাদের প্রয়োজনীয় মানসম্পন্ন প্রশিক্ষণ লাভ করবে এবং একইসাথে ব্যবসাসমূহের জন্য একটি দক্ষ কর্মীবাহিনী তৈরি হবে। এধরনের সমন্বয়ই নিউ ইয়র্কের অর্থনৈতিক সাফল্যের চাবিকাঠি হবে।"

SUNY বোর্ডের ট্রাস্টি রবার্ট জে. ডাফি বলেন, "SUNY মাইক্রোক্রেডেনশিয়ালগুলি নিউ ইয়র্কের ব্যবসাসমূহ, P-12 স্কুল জেলা, এবং সম্প্রদায়ের অংশীদারদের চাকরিজীবিদের বেনিফিট কর্মসূচির একটি আদর্শ সংযোজন হওয়া উচিত। বাস্তব-সময়ে প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি, পেশাদারি বিকাশ, এবং অতিরিক্ত মাইক্রোক্রেডেনশিয়াল, একটি প্রারম্ভিক বা এমনকি অগ্রসর ডিগ্রির মাধ্যমে অব্যাহত শিক্ষায় বিনিয়োগের মাধ্যমে এটি চাকরিজীবী ও চাকরিদাতা উভয়ের জন্য লাভজনক হবে।"

স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "অনেক বছর ধরে, SUNY ব্যবস্থা ন্যানোটেকনোলজি কর্মসূচি তৈরি থেকে শুরু করে স্থানীয় অর্থনীতি চাঙ্গা করার মাধ্যমে আমাদের স্টেটের জন্য একটি উদ্ভাবনী নেতা হিসেবে আছে। উদ্ভাবনী মাইক্রোক্রেডেনশিয়াল কর্মসূচি সম্প্রসারণের মাধ্যমে, আমরা সকল শিক্ষার্থীর জন্য সুযোগের ত্বরান্বিত পথ প্রদান করবো, একইসাথে স্বাস্থ্যসেবা ও শিক্ষার মতো খাতে অতি গুরুত্বপূর্ণ শূন্যস্থান পূরণ করবো। আমি আরেকবার SUNY-র অগ্রসর চিন্তার নেতৃত্বকে চালিত করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ জে. গ্লিক বলেন, "উচ্চ শিক্ষা তখনই সব থেকে ভালো কাজ করে যখন এটি শিক্ষার্থীদের অবস্থানে পৌঁছে তাদের সাথে মিলিত হয়। SUNY-র মাইক্রোক্রেডেনশিয়াল প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদেরকে স্টেটে উচ্চ চাহিদা এমন ক্ষেত্রে তাদের ক্যারিয়ার দ্রুত ও কার্যকরভাবে অগ্রসর করতে দেয়। এছাড়াও এটি বর্তমান শিক্ষার্থীদের বিশেষায়িত দক্ষতা অর্জন করতে দেয় যার ফলে তাদের জন্য শিক্ষারত অবস্থায় উপার্জন করা সম্ভব হতে পারে, যেহেতু এখনকার শিক্ষার্থীরা প্রায়শই স্কুলে যাওয়ার পাশাপাশি কাজ করে থাকে। আমি নিউ ইয়র্কের আজীবন শিক্ষার্থীদের জন্য মাইক্রোক্রেডেনশিয়াল সুযোগ সম্প্রসারণ করার জন্য গভর্নর হোকল এবং SUNY-কে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের দ্য বিজনেস কাউন্সিলের (The Business Council of New York State) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা হেদার ব্রিকেটি বলেন, "গতানুগতিক শেখার মডিউলকে কর্মক্ষেত্রের প্রয়োজনের সাথে মানানসই করে ফেলা হলো নিউ ইয়র্কের প্রতিভার পাইপলাইন পূর্ণ করার একটি উদ্ভাবনী পন্থা। মাইক্রোক্রেডেনশিয়াল চাকরিসন্ধানীদের দেখাতে দেয় যে চাকরির চাহিদা পূরণের দক্ষতা তাদের আছে এবং একইসাথে তাদের আরো সুযোগের পথে স্থাপন করে দেয়। একইসাথে, এগুলি হলো মানুষকে চাকরি দিয়ে কর্মক্ষেত্রে যোগ করার জন্য চাকরিদাতারা যেই 'সঠিক-সময়ের-দক্ষতা' খুঁজছে ঠিক তাই। আমরা ব্যবসা সম্প্রদায়ের কাছে মাইক্রোক্রেডেনশিয়ালের মূল্য তুলে ধরার জন্য SUNY-র সাথে কাজ অব্যাহত রাখতে উন্মুখ যাতে করে আরো বেশি চাকরিদাতারা এই দারুণ দক্ষতা-ভিত্তিক পাঠ্যসূচির ব্যাপারে জানতে পারে।"

SUNY-র মাইক্রোক্রেডেনশিয়াল কর্মসূচি বিকশিত এবং বিবর্তিত হয়ে যাচ্ছে, যার বর্তমান অগ্রাধিকার কেন্দ্রীভূত আছে: উপলভ্য মাইক্রোক্রেডেনশিয়ালের ব্যাপারে উন্নত যোগাযোগ; স্টেটের জন্য প্রাসঙ্গিক শিল্প বা পেশায় শূন্যস্থান সনাক্ত করা; শুরুর চাকরি থেকে অগ্রসর চাকরির জন্য এবং সনদ থেকে অগ্রসর ডিগ্রির জন্য আরো পথ সৃষ্টি করা; এবং আবেদন ও ট্রান্সক্রিপ্ট প্রক্রিয়া সহজতর করা। গভর্নরের লক্ষ্যের অংশ হিসেবে, SUNY চাকরিতে নিয়োগ

এবং শিক্ষামূলক কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান করতে থাকবে, এবং প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য প্রতিবন্ধকতা সনাক্ত ও হ্রাস করার জন্য জরিপ করবে।

মাইক্রোক্রেডেনশিয়াল বিকাশের ক্ষেত্রে SUNY বরাবরই জাতীয় ও বৈশ্বিক এক নেতা। একটি প্রতিযোগিতামূলক জাতীয় পরিবেশে SUNY-র কর্মসূচি অনন্য কারণ SUNY এর অনুষদ এর মাইক্রোক্রেডেনশিয়ালগুলির শিক্ষাদান করে এবং কলেজ ক্রেডিট প্রদানে এটি কঠিন মানদণ্ডের আদর্শ অনুসরণ করে। যদিও SUNY-র মাইক্রোক্রেডেনশিয়ালগুলি জাতীয় এবং আন্তর্জাতিক ধারা ও পেশাদারি মানদণ্ডের অনুসারী, এগুলি স্থানীয়, আঞ্চলিক এবং স্টেটের কর্মক্ষেত্রের প্রয়োজনের সাথেও সামঞ্জস্যপূর্ণ।

যেসকল ক্যাম্পাস বর্তমানে মাইক্রোক্রেডেনশিয়াল প্রদান করছে:
SUNY অ্যাডিরন্ড্যাক, ইউনিভার্সিটি অ্যাট অ্যালবানি, বিংহ্যামটন ইউনিভার্সিটি, ব্রুম কমিউনিটি কলেজ, বাফেলো স্টেট কলেজ, ইউনিভার্সিটি অ্যাট বাফেলো, SUNY ক্যান্টন, কাইয়ুগা কমিউনিটি কলেজ, SUNY কবলস্কিল, কলাম্বিয়া-গ্রিন কমিউনিটি কলেজ, কর্নিং কমিউনিটি কলেজ, ডাচেস কমিউনিটি কলেজ, এম্পায়ার স্টেট কলেজ, SUNY ইরি, ফার্মিংডেল স্টেট কলেজ, ফুলটন-মন্টগোমারি কমিউনিটি কলেজ, জেনেসি কমিউনিটি কলেজ, SUNY জেনেসিও, হাডসন ভ্যালি কমিউনিটি কলেজ, জেফারসন কমিউনিটি কলেজ, মোহক ভ্যালি কমিউনিটি কলেজ, মনরো কমিউনিটি কলেজ, নায়াগ্রা কাউন্টি কমিউনিটি কলেজ, SUNY নিউ প্যাল্টজ, SUNY ওল্ড ওয়েস্টবারি, SUNY অপটোমেট্রি, রকল্যান্ড কমিউনিটি কলেজ, SUNY স্কেনেকটেডি, টম্পকিনস কর্টল্যান্ড কমিউনিটি কলেজ, SUNY আলস্টার, এবং আপস্টেট মেডিকেল ইউনিভার্সিটি।

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে
SUNY হলো যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষার বৃহত্তম বিস্তৃত ব্যবস্থা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর 95 শতাংশেরও বেশি SUNY-র 64টি কলেজ এবং ইউনিভার্সিটির যেকোনো একটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো স্টেটে, SUNY-র চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপ্টোমেট্রি রয়েছে, এবং এটি একটি মার্কিন এনার্জি ডিপার্টমেন্টের জাতীয় গবেষণাগার (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। সামগ্রিকভাবে, SUNY প্রায় 1.3 মিলিয়ন শিক্ষার্থীকে ক্রেডিট-বিয়ারিং কোর্স এবং প্রোগ্রাম, অব্যাহত শিক্ষা এবং কমিউনিটি আউটরিচ প্রোগ্রামে প্রশিক্ষণ দেয়। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2021 অর্থবছরে গবেষণা ব্যয় ছিলো প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও ফ্যাকাল্টির উল্লেখযোগ্য অবদান ছিলো। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কিভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে, www.suny.edu এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418